



## প্রেস-রিলিজ

### কবি জীবনানন্দ দাশ স্মরণে বরিশাল বিশ্ববিদ্যালয়ে আলেখ্য অনুষ্ঠান

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২২ অক্টোবর ২০২২।

কবি জীবনানন্দ দাশ স্মরণে বরিশাল বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়েছে একটি আলেখ্য অনুষ্ঠান। মহান এ কবির মৃত্যুবার্ষিকী উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ের “জীবনানন্দ দাশ রিসার্চ সেন্টার” এবং ঢাকাস্থ সংগঠন “জীবনানন্দ আলয়” এর যৌথ উদ্যোগে ২২ অক্টোবর ২০২২ তারিখ বিকাল ৪টায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে “অপার জীবনানন্দ” শীর্ষক এ আবৃত্তি অনুষ্ঠানের আয়োজন করা হয়। ভারুয়ালী সংযুক্ত থেকে প্রধান অতিথি হিসেবে অনুষ্ঠানের উদ্বোধন ঘোষণা করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। বরিশাল বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ রিসার্চ সেন্টারের পরিচালক কলা ও মানবিক অনুষদের ডিন প্রফেসর ড. মোঃ মুহসিন উদ্দীন, পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর স.ম. ইমানুল হাকিম, জীবনানন্দ আলয়ের স্থানীয় সমন্বয়কারী ও বিশ্ববিদ্যালয়ের ডেপুটি রেজিস্ট্রার বাহাউদ্দিন গোলাপসহ অনুষ্ঠানে দেশের প্রথিতযশা বৈশ কয়েকজন আবৃত্তিশিল্পী ও জীবনানন্দ গবেষক উক্ত আলেখ্য অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। এসময় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীসহ বিভিন্ন স্থান থেকে আগত জীবনানন্দ প্রেমীগণ উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

জনসংযোগ অফিস  
বরিশাল বিশ্ববিদ্যালয়